প্রথম আলো

তারিখ 14 OCT 2008
পৃষ্ঠা ১৯ কলাম ৭

# মাসজুড়ে শিক্ষাপ্রতিষ্ঠানের তথ্য নেবে ব্যানবেইস

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

বাংলাদেশ শিক্ষা, তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) কাল বুধবার থেকে দেশব্যাপী শিক্ষাসংক্রান্ত তথ্য সংগ্রহ শুরু করবে। প্রাথমিক শিক্ষা স্তরের বাইরে অনুষ্ঠিত হবে এই শুমারি। আগামী ১৫ নভেম্বর পর্যন্ত মাসজুড়ে এই জরিপ অভিযানে প্রায় ৩৪ হাজার শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক, শিক্ষার্থী, অবকাঠামো, পরীক্ষার ফলাফলসহ বিভিন্ন তথ্য সংগ্রহ করা হবে।

রাজধানীর নীলক্ষেত এলাকায় অবস্থিত ব্যানবেইস কার্যালয়ের সম্মেলন কক্ষে গতকাল সোমবার এ উপলক্ষে এক সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। ব্যুরোর পরিচালক আহসান আব্দুল্লাহ এ সময় বলেন, দীর্ঘ নয় বছর পর শিক্ষাপ্রতিষ্ঠান সম্পর্কে জাতীয় পর্যায়ে এ ধরনের জরিপ অনুষ্ঠিত হতে যাচ্ছে। বরাদ্দের অভাবে ১৯৯৯ সালের পর আর কোনো শিক্ষা জরিপ অনুষ্ঠিত হয়নি। ফলে এই সময়ের মধ্যে তথ্যগত বিভ্রান্তি, হালনাগাদ তথ্যের অভাব, তথ্য ঘাটতিসহ নানা সমস্যা দেখা দেয়। বর্তমান জরিপটি এসব সমস্যা দূর করবে বলে দাবি করেন তিনি।

সংবাদ সম্মেলনে জানানো হয়, যেসব শিক্ষাপ্রতিষ্ঠান সাধারণ শিক্ষা, মাদ্রাসা শিক্ষা, পেশাগত প্রযুক্তিগত ও বৃত্তিমূলক শিক্ষা দিচ্ছে, সেগুলো পোস্ট প্রাইমারি খাতের মধ্যে পড়েছে। সে অনুযায়ী নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়, উচ্চমাধ্যমিক বিদ্যালয়, কলেজ, মাদ্রাসা, বিশ্ববিদ্যালয়, সাধারণ ও পেশাগত পলিটেকনিক ইনস্টিটিউট, মেডিকেল কলেজ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ইত্যাদি জরিপের আওতায় পড়বে। এসব প্রতিষ্ঠান থেকে তথ্য সংগ্রহ করার কাজে নিয়োজিত থাকবেন এক হাজার ৬০০ ব্যক্তি। তাঁদের প্রশিক্ষণ ও সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে প্রয়োজনীয় নির্দেশনা দেওয়াসহ সব ধরনের প্রস্তুতি সম্পন্ন হয়েছে। জরিপ পরিচালনায় ব্যয় ধরা হয়েছে মোট তিন কোটি ১২ লাখ টাকা।

জরিপ পরিচালনা পর্ষদের উপদেষ্টা ড. কাজী সালেহ উদ্দিন আহমেদ বলেন, 'তথ্য সংগ্রহ ও বাছাইয়ের ক্ষেত্রে এমন প্রস্তুতি ও ব্যবস্থা নেওয়া হয়েছে যেন ভুল-বিভ্রান্তি সর্বনিম্ন মাত্রায় রাখা যায়। তিনি সঠিক তথ্য সরবরাহের জন্য নির্দেশনা পাওয়া সব প্রতিষ্ঠানের কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন প্রধান জরিপ পরিচালক শেখ আব্দুল আহাদ, অর্থ মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব মো. শাহাদাত হোসেন, জরিপ পরিচালনা কমিটির সদস্য মো. শামছুল আলম প্রমুখ।